

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সমন্বয় শাখা
www.mowca.gov.bd

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৪২.২৩.০০৪.২৪.৩১

তারিখ: ২২ মাঘ ১৪৩০

০৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২৪ এর জন্য মনোনয়ন আহ্বান।


উপর্যুক্ত বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২৪ প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত বিজ্ঞপ্তি ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

বিজ্ঞপ্তি

রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা, কৃষি ও পল্লি উন্নয়ন ও সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্র গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন বাংলাদেশী নারীকে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২৪ প্রদান করা হবে। উল্লিখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক নীতিমালা-২০২১ এবং আবেদনপত্রের নির্ধারিত 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mowca.gov.bd) এবং জাতীয় মহিলা সংস্থার ওয়েবসাইট (www.jms.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'-এ আবেদন গ্রহণ করা হবে না।

০৩। আগ্রহী প্রার্থীদের পদক প্রাপ্তির ক্ষেত্র উল্লেখপূর্বক আগামী ০৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত 'ছক' অনুযায়ী আবেদনের সফট কপি ই-মেইলে [sasadm2@gmail.com (Nikosh ফন্টে MS Word File-এ)] এবং ডাকযোগে/সরাসরি ০২ (দুই) সেট হার্ড কপি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৫-২-২০২৪

আফরোজা বেগম

সহকারী সচিব

ফোন: ৫৫১০০২৪১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা ঢাকা।

ইমেইল: sasadm2@gmail.com

৪) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।


৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা,
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৪২.২৩.০০৪.২৪.৩১/১(৩)

তারিখ: ২২ মাঘ ১৪৩০
০৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৫-২-২০২৪

আফরোজা বেগম
সহকারী সচিব